বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩১২

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ব্লুমবার্গ এলপি এর উদ্যোগে 'নেশন ব্রান্ডিং: অ্যাট্রাক্টিং নিউ ট্যালেন্ট অ্যান্ড ইনভেস্টমেন্টস ওয়ার্ল্ডওয়াইড' শীর্ষক একটি সেমিনার আয়োজন।

গত ২৫ জুলাই, ২০২২ তারিখে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং আন্তর্জাতিক অর্থনৈতিক সংবাদ সংস্থা ব্লুমবার্গ এলপি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'Nation Branding: Attracting New Talent & Investments Worldwide (নেশন ব্রান্ডিং : অ্যাট্রাক্টিং নিউ ট্যালেন্ট অ্যান্ড ইনভেস্টমেন্টস ওয়ার্ল্ডওয়াইড)' শীর্ষক একটি সেমিনার আয়োজন করে।

সেমিনারের মূল বিষয়বস্তু ছিলো একটি দেশকে বিশ্ববাসীর কাছে তুলে ধরার লক্ষ্যে নতুন প্রতিভা এবং বিনিয়োগ আকর্ষণের গুরুত্ব ও ভূমিকা।

একটি দেশের উন্নয়ন ও সম্ভাবনাকে আন্তর্জাতিক পরিমন্ডলে তুলে ধরার লক্ষ্যে সাধারণত ন্যাশন ব্রান্ডিং করা হয়ে থাকে। ইতিবাচক এবং শক্তিশালী ব্রান্ডিং এর মাধ্যমে মূলত একটি দেশের প্রতি বিশ্বের মানুষ ও প্রতিষ্ঠানসমূহ আকৃষ্ট হয়। পর্যায়ক্রমে দেশে বিনিয়োগ আগ্রহ তৈরি হয়, রপ্তানির হার বৃদ্ধি পায় এবং আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি পায়। দেশকে ব্র্যান্ডিং এর প্রয়োজনীয়তা এবং সঠিক পদ্ধতি নিয়ে এই সেমিনারে দেশী বিদেশী বক্তাগণ আলোকপাত করেন।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান, এমপি। বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মাসুদ বিন মোমেন। এই সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।

সেমিনারে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার মি: রবার্ট চ্যাটার্টন ডিকসনসহ অন্যান্য দূতাবাসের কূটনীতিকবৃন্দ।

মূল প্রেজেন্টেশনে ব্লুমবার্গ এলপি-এর রিজিওনাল স্ট্র্যাটেজি লিড মি: অ্যান্ড্রু বগস ব্যাখ্যা করেন কিভাবে একটি দেশকে বিশ্ববাসীর সামনে ব্র্যান্ডিং করা যায় এবং এই ব্র্যান্ডিং এর মাধ্যমে কীভাবে নতুন প্রতিভা এবং বিনিয়োগ আকর্ষণ করা সম্ভব। সেমিনারে এশিয়া প্যাসিফিক অঞ্চলের মিডিয়া সেলস অ্যান্ড মার্কেটিং এর ম্যানেজিং ডিরেক্টর মিসেস সুনিতা রাজন ব্যাখ্যা করেন কীভাবে বাংলাদেশ দিন দিন উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখছে এবং কীভাবে ব্লুমবার্গ এলপি এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যৌথভাবে বাংলাদেশকে বিশ্ববাসীর কাছে নতুন ভাবে তুলে ধরছে।

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

ব্লুমবার্গ এলপি কর্তৃক মূল প্রেজেন্টেশনের পর পলিসি এক্সচেঞ্জ অফ বাংলাদেশ-এর চেয়ারম্যান জনাব ড. এম মাসরুর রিয়াজ প্যানেল ডিসকাশন পরিচালনা করেন। প্যানেল ডিসকাশনের প্যানেলিস্ট হিসেবে যোগদান করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক জনাব ড. সৈয়দ মুনতাসির মামুন, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) এর পরিচালক জনাব আবুল কাসেম খান, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি'র চেয়ারম্যান জনাব আসিফ ইব্রাহিম, ঢাকা স্টক এক্সচেঞ্জের ব্যবস্থাপনা পরিচালক জনাব তারেক আমিন ভূঁইয়া, ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি(এফআইসিসিআই) এর সভাপতি জনাব নাসের এজাজ বিজয় এবং ভেঞ্চার ক্যাপিটাল অ্যান্ড প্রাইভেট ইক্যুইটি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের সভাপতি জনাব শামীম আহসান।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান, এমপি ইতিবাচকভাবে বাংলাদেশকে আন্তর্জাতিক পরিমন্ডলে তুলে ধরার কথা উল্লেখ করে বলেন, "আমরা বিশ্বের ৮ম জনবহুল এবং সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ। মার্কিন যুক্তরাষ্ট্রে উইসকনসিন অঙ্গরাজ্যের সমান আয়তনের একটি দেশে ১৬ কোটি ৫০ লক্ষ মানুষ বসবাস করে। কিন্তু সমস্ত প্রতিকূলতার পরও আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। প্রায় প্রতিটি খাতেই আমরা সম্প্রতি এরকম অসাধারণ সাফল্য অর্জন করেছি। আমি ব্যবসায়ী, ব্যাংকার থেকে শুরু করে সবাইকে আহ্বান করবো বিশ্বের কাছে এই সাফল্যের গল্পগুলো তুলে ধরতে এবং দেশকে, দেশের সাফল্যকে আরো বেশি প্রচার করতে।"

বিশেষ অতিথির বক্তব্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মাসুদ বিন মোমেন বলেন, "নেশন ব্র্যান্ডিং এর জন্য প্রয়োজন পর্যায়ক্রমিক পরিকল্পনা, সুস্পষ্ট ও শক্তিশালী বক্তব্য, বিস্তৃত স্ট্র্যাটিজি এবং সর্বোপরি সকল পর্যায়ে সমন্বিত প্রচেষ্টা। নেশন ব্র্যান্ডিংয়ের জন্য দেশের সকল প্রতিষ্ঠানগুলোকে একসাথে মিলিত হয়ে কাজ করতে হবে। সরকারি এবং বেসরকারি সংস্থা, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, পর্যটন কর্তৃপক্ষসহ স্বাস্থ্য, শিক্ষা এবং আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে এই নেশন ব্র্যান্ডিং এর বহুপাক্ষিক এবং বহুমাত্রিক প্রক্রিয়ায় এক একটি ধাপ হিসেবে ভূমিকা রাখতে হবে।"

সেমিনারে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন বলেন, "ব্রিটিশ হাই কমিশনার হিসেবে আমার অন্যতম প্রধান একটি কাজ হলো বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগকে উৎসাহিত করা, যাতে করে বাংলাদেশের প্রবৃদ্ধির যাত্রা চালু থাকে এবং এদেশের অসাধারণ সাফল্যের গল্প এগিয়ে যেতে পারে।"

এছাড়া সভাপতির বক্তব্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন- এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বলেন, "বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার বিশ্লেষনে বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসেবে অভিহিত করা হয়েছে এবং বিভিন্ন অর্থনৈতিক ও আর্থ-সামাজিক সূচকের পর্যালোচনায় বাংলাদেশের উত্থান ও অগ্রগতিকে অভাবনীয় অর্জন বলে স্বীকার করা হয়েছে। কিন্তু, খানিকটা আমাদের দূর্ভাগ্যই বলা যায়, আমাদের অর্জনের গল্প বিশ্ববাসীর সামনে সম্পূর্ণভাবে তুলে ধরা যায়নি এখনও। বাংলাদেশের এই সাফল্য বিশ্বের সকলের কাছে তুলে ধরার লক্ষ্যেই আমরা (বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন) এই সেমিনারের আয়োজন করেছি। নেশন ব্র্যান্ডিং এর উদ্দেশ্যেই আমরা ব্লুমবার্গ এর সাথে একত্রিত হয়ে কাজ করছি এবং এখানে আমাদের সাথে স্ট্র্যাটেজিক পার্টনার হিসেবে সংযুক্ত রয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়।"

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

বিশেষজ্ঞগণের ফলপ্রসূ আলোচনা এবং পর্যালোচনার মধ্য দিয়ে সেমিনারটি সমাপ্ত হয়। ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে আত্মপ্রকাশের লক্ষ্য পূরণে বিশ্বব্যাপী শক্তিশালী ব্র্যান্ডিং টেকসেই অংশীদারিত্ব সৃষ্টি করে ভূমিকা রাখতে সক্ষম হবে বলে অংশগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং অতিথিবৃন্দ আশাবাদ ব্যক্ত করেন। বাংলাদেশ সরকারের বিভিন্ন কর্তৃপক্ষের প্রতিনিধিবৃন্দ, ব্লুমবার্গের প্রতিনিধিবৃন্দ এবং আর্থিক খাতের সরকারি ও বেসরকারি বিশিষ্ট ব্যক্তিবর্গ এই সেমিনারে উপস্থিত ছিলেন। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর উদ্যোগ ও ব্লুমবার্গ এর অংশীদারিত্বে আয়োজিত এই সেমিনারের কৌশলগত সহযোগিতায় ছিল পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সার্বিক আয়োজনে ছিল স্পেলবাউন্ড লিও বানেট।

27-07-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র